দৈনিক বাংলা

তারিখ 07 MAR 1994
পৃষ্ঠা ৭ কলাম ৭

৩৭

### জগন্নাথ ভার্সিটি কলেজের ঘটনা

# বন্দুকবাজি, খুনের দায়ে ৫২ জনের বিরুদ্ধে ৫টি মামলা

স্টাফ রিপোর্টার ঃ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে বন্দুকবাজি ও বোমাবাজিসহ একজন পুলিশ কর্মকর্তাকে খুনের সুনির্দিষ্ট অভিযোগে কোতোয়ালী থানায় ৫২ জনের বিরুদ্ধে মোট ৫টি মামলা দায়ের করা হয়েছে। পুরো ঘটনা তদন্তের বার গোয়েন্দা পুলিশকে দেয়া হয়েছে।

গতকাল গোয়েন্দা পুলিশ সূত্রে জানা যায় শনিবার যে ৩২ জনকে অস্ত্রশস্ত্রসহ ঘটনাস্থল থেকে গ্রেফতার করা হয় তাদের মধ্যে আরও জিজ্ঞাসাবাদের জন্যে ১৩ জনকে কোর্টে হাজির করে পুনরায় পাঁচ দিনের পুলিশ রিমান্ডে আনা হয়েছে। সাত জনকে সুনির্দিষ্ট অভিযোগে অভিযুক্ত করা হয়েছে। তবে তাদেরকে রিমান্ডে আনার কোন আবেদন গতকাল জানানো হয়নি। অবশিষ্ট ১২ জনকে ৫৪ ধারায় চালান দেয়া হয়েছে। পুলিশ জানায় প্রাথমিক জিজ্ঞাসাবাদে এই ১২ জনের ঘটনার সঙ্গে জড়িত থাকার কোন প্রমাণ পাওয়া যায়নি। পুলিশ সূত্রে জানা যায় এজাহারে যে ৫২ জনকে আসামী করা হয়েছে তাদের মধ্যে ২০ জন পুলিশের হাতে রয়েছে। বাকী ৩২ জনকে গ্রেফতারের চেষ্টা চলছে।

আসামীদের বিরুদ্ধে খুন, অবৈধ আগ্নেয়াস্ত্র বহন, বিস্ফোরক তৈরি, সন্ত্রাস সৃষ্টি প্রভৃতি অপরাধ সংঘটনের দায়ে বাংলাদেশ ফৌজদারি দণ্ডবিধির বিভিন্ন ধারায় অভিযোগ আনা হয়েছে।

গতকাল রিমান্ডে আনা ১৩ জনের নাম এমরান, মাহবুব, সিরাজুল, আলাউদ্দীন, সিরাজুল ইসলাম, কাওসার, শামীম, রফিকুল ইসলাম, এনামুল হক, পারভেজ, জামাল খান, মনির হোসেন ও আমিনুল ইসলাম বলে থানা সূত্রে জানা গেছে।